

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১০৯৭

আগরতলা, ৩ সেপ্টেম্বর, ২০২৪

কেন্দ্রীয় সংশোধনাগার পরিদর্শনে রাজ্যপাল



কেন্দ্রীয় সংশোধনাগারে দক্ষতা ও বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্রে অত্যাধুনিক সুযোগ সুবিধা সম্পন্ন প্রশিক্ষণ চালু করার জন্য রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগু কারা কর্তৃপক্ষকে পরামর্শ দিয়েছেন। রাজ্যপাল আজ সকালে বিশালগড়স্থিত কেন্দ্রীয় সংশোধনাগার পরিদর্শন করেন এবং সংশোধনাগারের কাজকর্ম সম্পর্কে অবহিত হন। সংশোধনাগার পরিদর্শনের সময় রাজ্যপাল বলেন, কারা আবাসিকরা সংশোধনাগার থেকে ছাড়া পাওয়ার পরও যাতে জীবিকা অর্জনের ক্ষেত্রে কোনও সমস্যার সম্মুখীন না হন সেই লক্ষ্যে দক্ষতা ও বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্রে তাদের উপার্জনমুখী প্রশিক্ষণ দিতে হবে।

রাজ্যপাল কেন্দ্রীয় সংশোধনাগারে গিয়ে পৌছালে তাঁকে স্বাগত জানান আইজি প্রিজেন আভোলা রমেশ রেড্ডি। কেন্দ্রীয় সংশোধনাগারের আনন্দ ভবনে আয়োজিত বৈঠকে আইজি প্রিজেন ছাড়াও কেন্দ্রীয় সংশোধনাগারের সুপার রাকেশ চক্রবর্তী, কেন্দ্রীয় সংশোধনাগারের ইনচার্জ সাবজেলার নান্টু দাস প্রমুখ রাজ্যপালকে সংশোধনাগারের বর্তমান পরিস্থিতি সম্পর্কে অবহিত করেন। এরপর রাজ্যপাল বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্রটি পরিদর্শন করেন। তাছাড়াও রাজ্যপাল সংশোধনাগারে মহিলা কারা আবাসিকদের জন্য পৃথক আবাসটিও পরিদর্শন করেন ও আবাসিকদের সাথে কথা বলেন।

সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে রাজ্যপাল বলেন, কারা আবাসিকরা যদি কর্মসংস্থান সম্পর্কিত যথাযথ প্রশিক্ষণ পান তবে তারা সংশোধিত হয়ে অনেক ভালো কাজের সঙ্গে যুক্ত হতে পারবেন। কেন্দ্রীয় সংশোধনাগার পরিদর্শনের সময় সিপাহীজনা জেলার অতিরিক্ত জেলাশাসক জয়ন্ত চক্রবর্তী ও পুলিশ সুপার বোগাটি জে রেড্ডি উপস্থিত ছিলেন।
